

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ৩, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ /১৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-১২০।—“স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৪০০ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত পৌরসভার উপনির্বাচন উপলক্ষ্যে ৫ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৫(পাঁচ) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ০৫ অক্টোবর, ২০২১ খ্রিঃ হতে ০৯ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

তফসিল

ক্রমিক নং	জেলার নাম	পৌরসভার নাম	পদের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
১.	রাজশাহী	গোদাগাড়ী	মেয়র	জনাব মোঃ উজ্জ্বল মাহমুদ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী।

(১৪৪৮৭)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	জেলার নাম	পৌরসভার নাম	পদের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
২.	ময়মনসিংহ	ঈশ্বরগঞ্জ	০৫ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর	জনাব মাসুম মিয়া জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
৩.	মাগুরা	মাগুরা	০১ নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর	জনাব মোস্তফা পারভেজ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মাগুরা
৪.	সিলেট	বিয়ানীবাজার	০৩ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর	জনাব মোহাম্মদ হারুন-অর-রশিদ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিলেট
৫.	পটুয়াখালী	কুয়াকাটা	০৩ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর	জনাব মোঃ আমিরুল ইসলাম সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর web mail address (ds\_law @ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

**“ছক”**

জেলার নাম :.....পৌরসভার নাম :.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগ- কারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সজ্ঞা নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোছাঃ শাহীনুর আক্তার

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।